

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৮১২

আগরতলা, ২১ জুলাই, ২০২৪

গুরু পূর্ণিমা উৎসবের উদ্বোধন করে রাজ্যপাল
ছোট রাজ্য হলেও ত্রিপুরায় সমৃদ্ধ সংস্কৃতি রয়েছে



রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ সন্ধ্যায় সংস্কার ভারতী ত্রিপুরা প্রান্ত-র উদ্যোগে সুকান্ত একাডেমিতে গুরু পূর্ণিমা উৎসবের উদ্বোধন করেন। উৎসবের উদ্বোধন করে রাজ্যপাল বলেন, ছোট রাজ্য হলেও ত্রিপুরায় সমৃদ্ধ সংস্কৃতি রয়েছে। রাজ্যের অনেক সাংস্কৃতিক ব্যক্তিত্ব দেশে সাংস্কৃতিক জগতে তাদের কৃতিত্বের পরিচয় দিয়েছেন। রাজ্যপাল বলেন, সংস্কার ভারতী তাদের কাজের মাধ্যমে লংকামুড়ার আলপনা গ্রাম, চড়িলামের পুস্কর বাড়ি, বিলোনীয়ার মুন্ডা পাড়া প্রভৃতি স্থানকে পর্যটক কেন্দ্র হিসেবে গড়ে তুলেছে।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন প্রাক্তন উপমুখ্যমন্ত্রী যীষু দেববর্মা, ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য গঙ্গাপ্রসাদ প্রসেইন। অনুষ্ঠানে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু রাজ্যের ৮ জেলার সাংস্কৃতিক ক্ষেত্রের ৮ জন গুরুকে গুরু সন্মাননা প্রদান করেন। তাছাড়াও অনুষ্ঠানে বিভিন্ন সাংস্কৃতিক কর্মশালায় অংশ নেওয়া শিক্ষক-শিক্ষিকা এবং ছাত্রছাত্রীদের মধ্যে শংসাপত্র প্রদান করা হয়। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সংস্কার ভারতী ত্রিপুরা প্রান্ত'র সাধারণ সম্পাদক সুমন ভট্টাচার্য। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন পন্ডিত সুবল বিশ্বাস। পরে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। রাজভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।
